

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

নং-৩৪.০১.০০০০.০০৭.২৭.০০৩.২০১৬-৯৮

তারিখঃ ২৬/৪/১৬ খ্রিঃ।

আদেশ

যেহেতু, জনাব মোঃ দুলাল উদ্দিন, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, যুব উন্নয়ন অধিদপ্তর, মেলান্দহ, জামালপুর-এর বিরুদ্ধে অসদাচরণ ও দুর্নীতির অভিযোগে অত্র দপ্তরের ২৪-০১-২০০৮ খ্রিঃ তারিখের ১২৩ সংখ্যক স্মারকে বিভাগীয় মামলা চালু করা হয়। উক্ত বিভাগীয় মামলায় যাবতীয় কার্যক্রম সম্পাদনপূর্বক সরকারী কর্মচারী(শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(ই) বিধি মোতাবেক গত ২১-১০-২০১২ খ্রিঃ তারিখের ১০৭৩ সংখ্যক স্মারকে ০৫(পাঁচ) বছরে জন্য তার বেতন বেতনস্কেলের সর্বনিম্নধাপে অবনমিতকরণ করা হয় এবং দপ্তর মেয়াদান্তে তিনি কোন বকেয়া প্রাপ্য হবেন না মর্মে আদেশে উল্লেখ করা হয়। উক্ত আদেশের বিরুদ্ধে তিনি আপীল কর্তৃপক্ষ সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় বরাবরে আপীল করেন এবং গত ০১-০১-২০১৩ খ্রিঃ তারিখে আপীল কর্তৃপক্ষ তার আপীল না-মঞ্জুর করে। তিনি উক্ত আদেশের বিরুদ্ধে প্রশাসনিক ট্রাইব্যুনাল-০১, ঢাকায় এটি মোকদ্দমা ১২/২০১৩ দায়ের করেন। উক্ত মোকদ্দমায় বিজ্ঞ ট্রাইব্যুনাল গত ২৭-১০-২০১৪ তারিখে “০৫(পাঁচ) বছরে জন্য তার বেতন বেতনস্কেলের সর্বনিম্নধাপে, অবনমিতকরণ দপ্তকে ০১টি বার্ষিক বর্ধিত বেতন ০৩ বছরের জন্য এবং ভবিষ্যতে বার্ষিক বর্ধিত বেতন বৃদ্ধি স্থগিত থাকবেনা” রূপান্তরপূর্বক বাস্তবায়নের জন্য আদেশ প্রদান করে।

০৩। যেহেতু, উল্লিখিত রায়ের বিরুদ্ধে অধিদপ্তর হতে সরকার পক্ষ আপীল করেন এবং আপীল ট্রাইব্যুনাল কর্তৃক গত ১৫-০৩-২০১৬ খ্রিঃ তারিখে উক্ত আপীলটি খারিজ হয়।

০৪। যেহেতু, ইতোমধ্যে জনাব মোঃ দুলাল উদ্দিন প্রশাসনিক ট্রাইব্যুনালের রায় বাস্তবায়নের জন্য একই আদালতে বাস্তবায়ন মোকদ্দমা ০২/২০১৫ দায়ের করেন। পরবর্তীতে তিনি স্বেচ্ছায় উক্ত বাস্তবায়ন মোকদ্দমা আদালত হতে গত ০৫-০৪-২০১৬ খ্রিঃ তারিখে প্রত্যাহার করে নেন।

০৫। যেহেতু, সরকার পক্ষে দায়েরকৃত আপীল খারিজ হয় এবং প্রশাসনিক ট্রাইব্যুনাল কর্তৃক প্রদত্ত রায় “০৫(পাঁচ) বছরে জন্য তার বেতন বেতনস্কেলের সর্বনিম্নধাপে অবনমিতকরণ দপ্তকে ০১টি বার্ষিক বর্ধিত বেতন ০৩ বছরের জন্য এবং ভবিষ্যতে বার্ষিক বর্ধিত বেতন বৃদ্ধি স্থগিত থাকবেনা” বাস্তবায়নের আদেশ প্রদান করা হয়।

০৬। সেহেতু, এক্ষণে জনাব মোঃ দুলাল উদ্দিন, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক-এর বিরুদ্ধে বিভাগীয় মামলায় প্রদত্ত দণ্ড নিম্নোক্তভাবে সংশোধন করা হলো :

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

২৬/৪/১৬
(আনোয়ারুল করিম)
মহাপরিচালক
ফোন : ৯৫৫৯৩৮৯
তারিখঃ ২৬/৪/১৬ খ্রিঃ।

নং-৩৪.০১.০০০০.০০৭.২৭.০০৩.২০১৬-৯৮

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরিত হলো :

- ০১। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, জামালপুর।
- ০২। কম্পিউটার প্রোগ্রামার(আইসিটি) যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা। আদেশটি ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা নিতে অনুরোধ করা হলো।
- ০৩। সহকারী পরিচালক(প্রশাসন), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা-কে সংশ্লিষ্ট কর্মচারীর ব্যক্তিগত নথিতে কপিটি সংরক্ষণের ব্যবস্থা নিতে অনুরোধ করা হলো।
- ০৪। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, মেলান্দহ, জামালপুর।
- ০৫। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, মেলান্দহ, জামালপুর। বর্ধিত কর্মচারীর রূপান্তরিত দণ্ডদেশ তার চাকুরী বহিতে লিপিবদ্ধ করতে অনুরোধ করা হলো।
- ০৬। জনাব মোঃ দুলাল উদ্দিন, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, যুব উন্নয়ন অধিদপ্তর, মেলান্দহ, জামালপুর।
- ০৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০৮। অফিস কপি/গার্ড ফাইল।

(মোঃ আতাউর রহমান)
সহকারী পরিচালক(শৃঙ্খলা)
ফোন : ৯৫৫১৮৫৯